

কোম্পানির আর্থিক বিবরণীসমূহ


Financial Statements of Company



ভূমিকা


Introduction

এক মালিকানা কারবারের হিসাবরক্ষণ পদ্ধতি কোনো নীতিমালা দ্বারা পরিচালিত হয় না। এ কারবারের হিসাবরক্ষণ পদ্ধতি বিভিন্ন ধারণা, প্রথা ও রীতি অনুযায়ী পরিচালিত হয়। কিন্তু যৌথ মূলধনী কারবারের হিসাবরক্ষণ প্রক্রিয়া সুনির্দিষ্ট নীতিমালা এবং আইনের দ্বারা পরিচালিত হয়। ১৯৯৪ সালের কোম্পানি আইন দ্বারা যৌথ মূলধনী কারবার পরিচালিত হয়। কোম্পানি আইনের ১৮৫ ধারা এবং IAS ও IFRS অনুসারে সকল যৌথ মূলধনী কারবারের আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা হয়। ১৮৩ ধারা অনুসারে প্রতিষ্ঠান প্রতি বছরে পরিচালক মণ্ডলীর সাধারণ সভা আয়োজন করে এবং সেখানে প্রতিষ্ঠানের আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণী পেশ করতে হয়। ফলে শেয়ার হোল্ডারগণ প্রতিষ্ঠানের আয় ব্যয় ও আর্থিক অবস্থা সম্পর্কে বোঝতে পারে। কোম্পানির নানাবিধ হিসাব প্রস্তুত করার সময় মনে রাখা প্রয়োজন, আমরা যে কোম্পানির হিসাব প্রস্তুত করব সেটি কোন্ ধরনের প্রতিষ্ঠান; কেননা একেক ধরনের কোম্পানির হিসাবরক্ষণ একেক রকমের। যেমন : উৎপাদনকারী কোম্পানি, বিপণন কোম্পানি, সেবা প্রদানকারী কোম্পানি ইত্যাদির হিসাব ভিন্ন ভিন্ন নমুনায় হয়ে থাকে।

	ইউনিট সমাপ্তির সময়	ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ৩ সপ্তাহ
-------------------------------------------------------------------------------------	---------------------	---------------------------------------

এ ইউনিটের পাঠসমূহ

- পাঠ ৩.১ : বিশদ আয় বিবরণীর সংজ্ঞা, প্রয়োজনীয়তা, সীমাবদ্ধতা ও উপাদানসমূহ
- পাঠ ৩.২ : বহুধাপ বিশিষ্ট আয় বিবরণীর সংজ্ঞা ও নমুনা
- পাঠ ৩.৩ : সংরক্ষিত আয় বিবরণীর সংজ্ঞা ও নমুনা
- পাঠ ৩.৪ : আর্থিক অবস্থার বিবরণীর সংজ্ঞা, প্রয়োজনীয়তা ও শ্রেণি বিভাগ
- পাঠ ৩.৫ : আর্থিক অবস্থার বিবরণীর উপাদানসমূহ ও নমুনা
- পাঠ ৩.৬ : নগদ প্রবাহ বিবরণীর সংজ্ঞা ও উপাদানসমূহ
- পাঠ ৩.৭ : গাণিতিক সমস্যাবলি ও এর সমাধান

	মূখ্য শব্দ	কোম্পানি, বিশদ আয় বিবরণী, বহুধাপ বিশিষ্ট আয় বিবরণী, সংরক্ষিত আয় বিবরণী, আর্থিক অবস্থার বিবরণী, নগদ প্রবাহ বিবরণী।
-------------------------------------------------------------------------------------	------------	----------------------------------------------------------------------------------------------------------------------

পাঠ-৩.১

বিশদ আয় বিবরণীর সংজ্ঞা, প্রয়োজনীয়তা, উপাদানসমূহ ও সীমাবদ্ধতা

Definition, Usefulness, Elements and Limitations of a Comprehensive Income Statement



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কোম্পানির বিশদ আয় বিবরণী কী তা বলতে পারবেন।
- কোম্পানির বিশদ আয় বিবরণীর প্রয়োজনীয়তা কী তা ব্যাখ্যা করতে পারবেন।
- কোম্পানির বিশদ আয় বিবরণী প্রস্তুতের উপাদানসমূহ ব্যাখ্যা করতে পারবেন।
- কোম্পানির বিশদ আয় বিবরণীর সীমাবদ্ধতা বলতে পারবেন।



বিশদ আয় বিবরণীর সংজ্ঞা

Definition of comprehensive income statement

আর্থিক বিবরণীর একটি গুরুত্বপূর্ণ অংশ হলো বিশদ আয় বিবরণী। এটি একটি নির্দিষ্ট সময়ে কোম্পানি পরিচালনার সাফল্য পরিমাপ করে। যেকোনো ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন করা। একটি নির্দিষ্ট সময়ে ব্যবসায় পরিচালনা করে কত মুনাফা অর্জিত হলো বিশদ আয় বিবরণীর মাধ্যমে তা জানা যায়। বিশদ আয় বিবরণীতে শুধুমাত্র সকল প্রকার মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়গুলো এবং অনাদায়ী লাভ (Unrealized gain) ও অনাদায়ী ক্ষতি (Unrealized loss) দেখানো হয়। সকল আয় থেকে সকল ব্যয় বাদ দিয়ে বিশদ নিট মুনাফা (Net comprehensive income) নিরূপণ করা হয়। যদি আয় থেকে ব্যয়ের পরিমাণ বেশি হয় তাহলে নিট বিশদ ক্ষতি (Net comprehensive loss) প্রদর্শিত হয়। বিশদ আয় বিবরণী একটি নির্দিষ্ট সময় শেষে সাধারণত এক বছর পর পর তৈরি করা হয়।

বিশদ আয় বিবরণীর প্রয়োজনীয়তা

Usefulness of a comprehensive income statement

বিশদ আয় বিবরণী সংশ্লিষ্ট ব্যবহারকারীদের ভবিষ্যৎ নগদ প্রবাহ সম্পর্কে অনুমান করতে বিভিন্নভাবে সাহায্য করে থাকে। উদাহরণস্বরূপ বলা যায়, বিনিয়োগকারী ও পাওনাদারগণ নিম্নোক্ত কারণে বিশদ আয়বিবরণীর তথ্য ব্যবহার করে থাকেন।

- ১। কোম্পানির আর্থিক ফলাফল নির্ণয় অর্থাৎ নিট মুনাফা বা নিট ক্ষতি নির্ণয় করা।
- ২। কোম্পানির আর্থিক ফলাফল নির্ণয়ের মাধ্যমে যাবতীয় কর্মতৎপরতা নির্ণয় করা।
- ৩। কোম্পানির আর্থিক ফলাফল নির্ণয়ের মাধ্যমে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা।
- ৪। কোম্পানির পূর্বদক্ষতা যাচাই করা।
- ৫। ভবিষ্যৎ দক্ষতা পূর্বানুমানের ভিত্তি সরবরাহ করা।
- ৬। ভবিষ্যৎ নগদ প্রবাহ অর্জনে ঝুঁকি বা অনিশ্চয়তা পরিমাপে সহায়তা করা।
- ৭। শেয়ার হোল্ডারদের স্বত্ব বা মালিকানা স্বত্ব নির্ধারণ।
- ৮। যুক্তিসঙ্গত পরিমাণে লভ্যাংশ প্রদানের ব্যবস্থা করা।

মোট কথা হলো, বিশদ আয় বিবরণীর বিভিন্ন তথ্য যেমন-আয়, ব্যয়, খরচ, ক্ষতি ইত্যাদি সংক্রান্ত তথ্য ব্যবসায়ের অতীত কর্মদক্ষতা যাচাই করতে এর ব্যবহারকারীদের সাহায্য করে। তেমনি ভবিষ্যতে একটি নির্দিষ্ট পরিমাণ নগদ প্রবাহ অর্জনে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করে।

বিশদ আয় বিবরণীর উপাদানসমূহ

Elements of a comprehensive income statement

বিশদ আয় বিবরণীতে সকল আয়, ব্যয়, অনাদায়ী লাভ এবং ক্ষতি সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হয়। এর ওপর নির্ভর করে নিট লাভ বা নিট ক্ষতি নিরূপণ করা হয়। আয় পরিমাপের এ পদ্ধতি সংশ্লিষ্ট বছরে আয় সংক্রান্ত কার্যক্রমকে চিহ্নিত করে। বিশদ আয় বিবরণী পুনরায় আয়কে বিভিন্নভাবে শ্রেণিবিভাগ করতে পারে। যেমন- ক্রেতা বা গ্রাহকের দ্বারা আয়, পণ্য সারির আয়, পরিচালনা ও অ-পরিচালনাগত আয়, নিয়মিত ও অনিয়মিত আয় ইত্যাদি। নিম্নে বিশদ আয় বিবরণীর প্রধান প্রধান উপাদানসমূহ আলোচনা করা হলো:

- মুনাফা জাতীয় আয় (Revenues) : ব্যবসায়ের প্রধান কার্যক্রমের মাধ্যমে নগদ অর্থের আন্তঃপ্রবাহ (Cash inflows), সম্পত্তির বৃদ্ধি বা সম্প্রসারণ (Enhancement of assets) বা দায়ের নিষ্পত্তি (হ্রাস) (Settlement of liabilities) এদের যে কোনোটি বা সবগুলো সংঘটিত হলে মুনাফা জাতীয় আয় অর্জিত হয়। ব্যবসায়ের প্রধান কার্য বলতে পণ্য বিক্রয় বা সেবা প্রদানকে বোঝায়। এরূপ কার্যের মাধ্যমে সম্পত্তির বৃদ্ধিই হলো মুনাফা জাতীয় আয়।
- মুনাফা জাতীয় খরচ (Expense) : ব্যবসায়ের প্রধান ও মূল কর্মকাণ্ড পরিচালনা করার জন্য নগদ অর্থের বহির্গমন, সম্পত্তির হ্রাস বা দায়ের বৃদ্ধি ঘটলে তাকে মুনাফা জাতীয় খরচ বলা হয়। যেমন: বিক্রীত পণ্যের ব্যয়, অবচয়, সুদ, ভাড়া, বেতন, মজুরি এবং কর ইত্যাদি।
- অনাদায়ী লাভ (Unrealized gain) : ব্যবসায়ের সংঘটিত এমন কোনো আর্থিক ঘটনা বা লেনদেন যা দ্বারা ব্যবসার নিট সম্পত্তি বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা থাকে তবে তাকে অনাদায়ী লাভ বলা হয়।
- অনাদায় ক্ষতি (Unrealized losses) : ব্যবসায়ের সংঘটিত এমন কোনো আর্থিক ঘটনা বা লেনদেন যা দ্বারা ব্যবসার নিট সম্পত্তি হ্রাস পাওয়ার সম্ভাবনা থাকে তাকে অনাদায়ী ক্ষতি বলা হয়।

বিশদ আয় বিবরণীর সীমাবদ্ধতা

Limitations of a comprehensive income statement

মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের এবং অনাদায়ী লাভ ও ক্ষতির সমন্বয়ে বিশদ আয় বিবরণী প্রস্তুত করা হয়। মুনাফা জাতীয় ব্যয় ও অনাদায়ী ক্ষতি অপেক্ষা মুনাফা জাতীয় আয় ও অনাদায়ী লাভ বেশি হলে উক্ত পার্থক্যকে বিশদ নিট আয় বলা হয়। এ বিশদ নিট আয় একটি পূর্বানুমান এবং কতগুলো ধারণা প্রয়োগের প্রতিফলন। বিশদ আয় বিবরণীর ব্যবহারকারীদের এর তথ্য সংশ্লিষ্ট কিছু সীমাবদ্ধতার ব্যাপারে সচেতন হতে হয়। বিশদ আয় বিবরণীর কিছু সীমাবদ্ধতা রয়েছে যেগুলো ভবিষ্যৎ নগদ প্রবাহের পরিমাণ, সময় এবং অনিশ্চয়তা পূর্বানুমান করতে যে তথ্য প্রয়োজন হয় তার ওপর নির্ভরশীলতা হ্রাস করে।

- কোম্পানির দক্ষতায় প্রভাব বিস্তারকারী কিছু দফা রয়েছে, যা বিশদ আয় বিবরণীতে লেখা হয়না।
- বিভিন্ন প্রতিষ্ঠানে বা বিভিন্ন দেশে হিসাবরক্ষণ পদ্ধতির প্রয়োগের ভিন্নতার কারণে আয় পরিমাণ প্রভাবিত হয়।
- বিভিন্ন কোম্পানির আয় পরিমাপ সংক্রান্ত বিবেচ্য বিষয়গুলো এক না হওয়ায়, কোম্পানির আয় পরিমাপ সংক্রান্ত জটিলতা দেখা দেয়।

মোট কথা হলো, বিশদ আয় বিবরণীর কিছু সীমাবদ্ধতা রয়েছে যেগুলো ভবিষ্যৎ নগদ প্রবাহের পরিমাণ, সময় এবং অনিশ্চয়তা পূর্বানুমান করতে যে তথ্য প্রয়োজন হয় তার ওপর নির্ভরশীলতা হ্রাস করে এবং এর ব্যবহার কমিয়ে দেয়।



সারসংক্ষেপ:

একটি নির্দিষ্ট সময়ে ব্যবসা পরিচালনা করে কত মুনাফা অর্জিত হলো তা নির্ণয়ের জন্য বিশদ আয় বিবরণীর তৈরি করা হয়। বিশদ আয় বিবরণীর উল্লেখযোগ্য উপাদানগুলো হলো: মুনাফা জাতীয় আয় ও খরচ, অনাদায়ী লাভ ও ক্ষতি, বিশদ নিট মুনাফা ও ক্ষতি। হিসাবরক্ষণ পদ্ধতির প্রয়োগের ভিন্নতার কারণে বিভিন্ন দেশে এ বিশদ আয় বিবরণীর ফলাফলও ভিন্ন হয়ে থাকে।

পাঠ-৩.২

বহুধাপ বিশিষ্ট আয় বিবরণীর সংজ্ঞা ও নমুনা ছক

Definition and Forms of Multiple-Step Income Statement



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কোম্পানির বহুধাপ বিশিষ্ট আয় বিবরণী কী তা বলতে পারবেন।
- কোম্পানির বহুধাপ বিশিষ্ট আয় বিবরণী তৈরির নমুনা ছক ব্যাখ্যা করতে পারবেন।
- কোম্পানির বহুধাপ বিশিষ্ট আয় বিবরণীতে প্রদর্শিত দফাসমূহ নির্ণয় করার কৌশল শিখতে পারবেন।



বহুধাপ বিশদ আয় বিবরণীর সংজ্ঞা

Definition of a multiple-step income statement

যে আয় বিবরণীতে আয় ও ব্যয়গুলোকে তাদের ধরন অনুযায়ী বিভিন্ন শ্রেণিতে শ্রেণিবিন্যাস করে প্রদর্শন করা হয় তাকে বহুধাপ বিশিষ্ট আয় বিবরণী বলা হয়। ব্যবসায় প্রতিষ্ঠানের একটি নির্দিষ্ট সময়ের আর্থিক ফলাফল নির্ণয়ের জন্য বহুধাপ বিশদ আয় বিবরণী প্রস্তুত করা হয়। একধাপ বিশিষ্ট আয় বিবরণীর অসুবিধা দূর করার জন্য বহুধাপ বিশিষ্ট আয় বিবরণী তৈরি করা হয়। Pyle & Larson এর মতে, বহুধাপ বিশিষ্ট আয় বিবরণী হলো একটি আয় বিবরণী যেখানে বিক্রিত পণ্যের ব্যয় এবং খরচাবলী বিভিন্ন ধাপে ধাপে বাদ দিয়ে নিট আয় নির্ণয় করা হয়। বহু ধাপ বিশিষ্ট আয় বিবরণীতে আয় ও ব্যয়গুলোকে পাঁচটি অংশে (Section) ভাগ করা হয়। যেমন :

১. Sales revenue or service revenue (বিক্রয় আয় অথবা সেবা প্রদানের আয়)
২. Cost of goods sold (বিক্রিত পণ্যের ব্যয়)
৩. Operating expenses (পরিচালন ব্যয়)
Or, Commercial expenses (ব্যবসায়িক ব্যয়)
৪. Non-operating revenue (অপরিচালন আয়)
৫. Non-operating expense (অপরিচালন ব্যয়)

বহুধাপ বিশিষ্ট আয় বিবরণীর নমুনা

Forms of a multiple-step income statement

পণ্য ক্রয় বিক্রয়কারী প্রতিষ্ঠান (Merchandising/Trading concern) এবং সেবামূলক প্রতিষ্ঠানের (Service concern) বহুধাপ বিশিষ্ট আয় বিবরণীর প্রকৃতি কিছুটা ভিন্নতর হয়। নিম্নে উভয় প্রকার প্রতিষ্ঠানের বিশিষ্ট আয় বিবরণীর তুলনামূলক নমুনা ছক দেখানো হলো :

- (i) পণ্য ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান (Trading concern): পণ্য ক্রয় বিক্রয়কারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রধান আয় হচ্ছে বিক্রয় (Sales)। এ বিক্রয় হিসাবভুক্ত করার সময় নিট বিক্রয় দেখাতে হয় অর্থাৎ মোট বিক্রয় হতে বিক্রয় ফেরৎ ও বিক্রয় বাট্টা বাদ দিয়ে দেখাতে হয়।

Name of the concern:
Multiple-step income statement
For the year ended.....

Details	Tk.	Tk.
Operating revenues :		
Gross sales	***	
Less: Sales returns and allowances	***	
Sales discount	***	
Net sales		***
Less: Cost of goods sold		***
Gross profit		***
Less: Operating expenses :		
General & Administrative expenses	***	
Selling expenses	***	
Income from operation		***
Add: Non-operating income		***
Less: Non-operating expenses		***
Income before tax		***
Less: Income tax provision		***
Net income after tax		***
Earnings per share		***

(ii) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান (Service concern) :

Name of the concern
Multiple-step income statement
For the year ended

Details	Tk.	Tk.
Operating revenues :		
Net service revenue		***
Less: Operating expenses :		
General & Administrative expenses	***	
Selling expenses	***	
Income from operation		***
Add: Non-operating income		***
Less: Non-operating expenses		(***)
Income before tax		***
Less: Income tax provision		***
Net income after tax		***
Earnings per share		***

কতিপয় প্রয়োজনীয় আলোচনা :

১) পরিচালন খাত (Operating section) : এ খাতে প্রতিষ্ঠানের মূল কার্যক্রম পরিচালনার সাথে সম্পৃক্ত আয় ও ব্যয়সমূহ উপস্থাপিত হয়। যেমন :

(ক) বিক্রয় বা সেবা প্রদানের আয় (Sales or service revenue): আমরা জানি, পণ্য ক্রয় বিক্রয়কারী প্রতিষ্ঠানের (Trading concern) ক্ষেত্রে প্রধান আয় হচ্ছে বিক্রয় (Sales) এবং সেবাদানকারী প্রতিষ্ঠানের (Service concern) ক্ষেত্রে প্রধান আয় হচ্ছে সেবা আয় (Service revenue), যা এ পরিচালন খাতে দেখানো হয়।

তবে Sales হিসাবভুক্ত করার সময় Gross sales থেকে Sales return & allowance, sales discount বাদ দিয়ে Net sales দেখানো হয়।

- (খ) বিক্রীত পণ্যের ব্যয় (Cost of goods sold) : যে পণ্য বা সেবা বিক্রয় করা হয় বা হবে তা অর্জন বা ক্রয় করতে বিক্রেতার ব্যয়কে বিক্রীত পণ্যের ব্যয় বলা হয়। পণ্য ক্রয় বিক্রয়কারী প্রতিষ্ঠান এবং উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিক্রীত পণ্যের ব্যয় (Cost of goods sold) নিরূপণ পদ্ধতি ভিন্ন হয়। নিম্নে উভয় প্রকার প্রতিষ্ঠানের বিক্রীত পণ্যের ব্যয় (Cost of goods sold) নির্ণয় দেখানো হলো।

Statement of Cost of Goods Sold
(For trading concern)

Details	Tk.	Tk.	Tk.
Beginning inventory		***	
Purchase	***		
Less: Purchase discount	***		
Purchase returns & allowances	***		

Add: Direct expenses:			
Freight in	***		
Import duty	***		
Other purchase related expenses	***		
Net purchase		***	
Goods available for sale		***	
Less: Ending inventory		***	
Cost of goods sold			***

Statement of Cost of Goods Sold
(For manufacturing concern)

Details	Tk.	Tk.	Tk.
Beginning raw material inventory		***	
Add : Purchase of raw materials	***		
Less: Purchase returns	***		
Purchase discount & allowance	***		

Add: Transportation in / Freight in	***		
Import duty	***		
Other purchase related expenses	***		
Net purchase		***	
Cost of raw materials available for production			***
Less: Ending raw material inventory			***
Raw materials consumed		***	
Add: Direct wages/Direct labour		***	
Other direct expenses			***

Details	Tk.	Tk.	Tk.
Prime cost			
Add: Factory overheads/expenses:			
Indirect material		***	
Indirect labour		***	
Factory supervision expenses		***	
Factory rent, rates		***	
Light, heat and power		***	
Spare parts used		***	
Depreciation expenses of factory assets		***	
Depreciation expenses on factory machineries		***	
Factory supplies expense		***	
Other factory expenses		***	***
Total factory overhead			***
Add: Beginning inventory of work-in-process			***
Less: Ending inventory of work-in-process			***
Cost of goods manufactured			***
Add: Beginning inventory of finished goods			***
Goods available for sale			***
Add: Beginning inventory of finished goods			***
Less: Ending inventory of finished goods			***
Cost of goods sold			***

(গ) বিক্রয় ও বন্টন বা বিতরণ ব্যয় (Selling and distribution expenses) : ক্রয়কৃত বা উৎপাদিত পণ্য বা সেবা বিক্রয়ের সাথে সংশ্লিষ্ট ব্যয়গুলো এ খাতের আওতায় বসে। এরূপ ব্যয়ের মধ্যে রয়েছে :

- Advertising expenses
- Sales person's salaries
- Selling expenses
- Carriage out/Freight out/Delivery expenses
- Sales person's commission
- Showroom expenses
- Depreciation on store equipment/Delivery van, etc.
- Bad debts/Uncollectible expenses, etc.

(ঘ) প্রশাসনিক অথবা সাধারণ খরচ (Administrative or general expenses) : কারবার পরিচালনার সাথে সংশ্লিষ্ট অফিস ও প্রশাসনিক ব্যয়গুলো এ খাতের আওতায় বসে। এরূপ ব্যয়ের মধ্যে রয়েছে-

- Office salaries
- Office rent, telephone expenses
- Insurance expenses
- Utilities expenses
- Supplies expenses
- Depreciation expenses on office furniture, buildings, machineries, etc.

- (২) অ-পরিচালন খাত (Non-operating section) : ব্যবসায় পরিচালনা সংক্রান্ত আয় ব্যয় বাদে আরো কিছু আয় ব্যয় আছে সেগুলো ব্যবসা পরিচালনার সঙ্গে সরাসরি জড়িত নয়, এগুলোকে Non-operating income ও Non-operating expenses বলে। অর্থাৎ ব্যবসা পরিচালনা বহির্ভূত আয় ও ব্যয়গুলো এ খাতের অন্তর্ভুক্ত। নিম্নে এ জাতীয় কিছু আয় ব্যয়ের তালিকা দেওয়া হলো :

Non-operating expenses (অ-পরিচালন ব্যয়)	Non-operating revenue (অ-পরিচালন আয়)
(a) Interest expense	(a) Interest income
(b) Dividend expense	(b) Gain on sale of assets
(c) Loss on sale of assets	(c) Dividend income
(d) Donation expense	(d) Apprenticeship premium

শিক্ষার্থী বন্ধুরা, উপরোক্ত আলোচনার বিষয়বস্তুগুলো দ্বারা নিম্নে এক নজরে Multiple-step income statement -এর নমুনাছক (pro-forma) দেওয়া হলো :

Name of the concern-----
Multiple-step Income Statement
For the period ended.....

Details	Tk.	Tk.	Tk.
Revenue :			
Sales		***	
Less: Sales return & allowance	***		
Sales discount	***	***	
Net sales			***
Less: Cost of goods sold			
Beginning merchandise inventory		***	
Purchase	***		
Less: Purchase return & allowance	***		
Purchase discount	***	***	

Add: Transportation in/ Freight in	***		
Other purchase related expense	***		
Net purchase		***	
Merchandise available for sale		***	
Less: Ending merchandise inventory		***	
Cost of goods sold			***
Gross profit			***
Less: Operating/Commercial expenses :			
(i) Marketing/Selling expenses:			
Sales salaries	***		
Advertising expenses	***		
Bad debts	***		
Depreciation expenses	***		
Depreciation on delivery equipment	***		
Store supplies expenses	***		

Details	Tk.	Tk.	Tk.
Miscellaneous selling expenses	***		
Total selling expenses		***	
(ii) Administrative or general expenses:			
Salaries office	***		
Taxes and insurance	***		
Rent expenses-office	***		
Depreciation expenses on office furniture	***		
Miscellaneous general expenses	***		
Total administrative or general expense		***	
Total operating/commercial expenses			***
Operating income			***
Add: Non-operating revenue/income:			
Interest income	***		
Dividend income	***		
Gain on disposal of asset	***		***
Less: Non operating expenses:			
Interest expenses	***		
Loss on disposal of assets	***		
Donation expense	***		(***)
Net income before tax			***
Less: Income tax			***
Net income after tax			***
Earnings per common share			**



সারসংক্ষেপ:

যে আয় বিবরণীতে আয় ও ব্যয়গুলোকে তাদের ধরন অনুযায়ী বিভিন্ন শ্রেণিতে শ্রেণিবিন্যাস করে প্রদর্শন করা হয়, তাকে বহুধাপ বিশিষ্ট আয় বিবরণী বলা হয়। এ বিবরণীতে কোম্পানির যাবতীয় আয় ব্যয়ের বিস্তারিত বিভাজন দেখানো হয়।

পাঠ-৩.৩

সংরক্ষিত আয় বিবরণীর সংজ্ঞা ও নমুনা

Definition of Retained Earnings Statement and its Specimen



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কোম্পানির সংরক্ষিত আয় বিবরণী কী তা বলতে পারবেন।
- কোম্পানির সংরক্ষিত আয় বিবরণী তৈরির নমুনা ব্যাখ্যা করতে পারবেন।



সংরক্ষিত আয় বিবরণীর সংজ্ঞা

Definition of retained earnings statement

আর্থিক বিবরণীর একটি উপাদান হলো সংরক্ষিত আয় বিবরণী। বছর শেষে লাভের যে অংশ শেয়ার হোল্ডারদের মধ্যে লভ্যাংশ হিসেবে বণ্টন না করে ব্যবসায় পুনরায় বিনিয়োগের জন্য সংরক্ষণ করা হয় তাকে সংরক্ষিত আয় বলা হয়। নিট আয় দ্বারা সংরক্ষিত আয় বৃদ্ধি পায় এবং নিট ক্ষতি দ্বারা সংরক্ষিত আয় হ্রাস পায়। নগদ এবং স্টক লভ্যাংশ প্রদান করলে সংরক্ষিত আয় হ্রাস পায়। হিসাব নীতির পরিবর্তন এবং পূর্ববর্তী বছরের সমন্বয় দ্বারা সংরক্ষিত আয় বৃদ্ধি বা হ্রাস পেতে পারে। কোম্পানি এরূপ সমন্বয়কে (কর পরবর্তী) সংরক্ষিত আয়ের প্রারম্ভিক উদ্ভূতের সাথে সমন্বয় করে। চলতি বছরের নিট আয় নির্ণয়ের সাথে সম্পূর্ণ সমন্বয়গুলোকে এটি অন্তর্ভুক্ত করে না। কোম্পানি সংরক্ষিত আয় তথ্যকে, বিভিন্নভাবে প্রকাশ করতে পারে। কিছু কিছু কোম্পানি পৃথকভাবে একটি সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করে। নিম্নে সংরক্ষিত আয় বিবরণী তৈরির নমুনা ছক দেওয়া হলো :

সংরক্ষিত আয় বিবরণী তৈরির নমুনা

Specimen of Retained Earnings Statement

Julia Inc.
Retained Earnings Statement
For the year ended 31st December, 2018

Details	Tk.
Retained earnings, beginning of the year	***
Add: Prior period adjustment (Inventory under cost)	***
Net income for the period	***
Income tax refund	***

Less: Prior period adjustment (Inventory over cost)	***
Cash dividend	***
Stock dividend	***
Transfer to any fund	***

Retained earnings, end of the year	***



সারসংক্ষেপ :

বছর শেষে লাভের যে অংশ শেয়ার হোল্ডারদের মধ্যে লভ্যাংশ হিসেবে বণ্টন না করে ব্যবসায় পুনরায় বিনিয়োগের জন্য সংরক্ষণ করা হয় তাকে সংরক্ষিত আয় বলা হয়। নিট আয় দ্বারা সংরক্ষিত আয় বৃদ্ধি পায় এবং নিট ক্ষতি দ্বারা সংরক্ষিত আয় হ্রাস পায়।

পাঠ-৩.৪

আর্থিক অবস্থার বিবরণীর সংজ্ঞা, প্রয়োজনীয়তা ও শ্রেণিবিভাগ

Definition, Usefulness and Classification of Statement of Financial Position



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী কী তা বলতে পারবেন।
- কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীর প্রয়োজনীয়তা কী তা বলতে পারবেন।
- কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীর শ্রেণিবিভাগ ব্যাখ্যা করতে পারবেন।



আর্থিক অবস্থার বিবরণীর সংজ্ঞা

Definition of statement of financial position

আর্থিক অবস্থার বিবরণী একটি কোম্পানির আয়না স্বরূপ। আর্থিক অবস্থার বিবরণী (Statement of financial position)- কোম্পানির আর্থিক বিবরণীর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি বিবরণী। প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা যাচাইয়ের জন্য এটি প্রস্তুত করা হয়। একটি নির্দিষ্ট দিনে কারবারের সম্পদ, দায় ও মালিকানাধীন স্বত্ব প্রদর্শন করে যে বিবরণী প্রস্তুত করা হয়, তাকে আর্থিক অবস্থার বিবরণী বলা হয়। অধ্যাপক মুনটিজ এর মতে, আর্থিক অবস্থার বিবরণী হলো গতিহীন বা স্থির ভান্ডারসমূহের বিবরণী, যাকে হঠাৎ তোলা আর্থিক অবস্থার আলোক চিত্র বলা যেতে পারে। Pyle and Larson এর মতে, আর্থিক অবস্থার বিবরণী হলো একটি প্রতিষ্ঠানের একটি নির্দিষ্ট দিনের সম্পত্তি, দায় ও মালিকানাধীন স্বত্ব সম্বলিত একটি আর্থিক বিবরণী। আর্থিক অবস্থার বিবরণীর তিনটি উপাদান রয়েছে। যথা : সম্পদ (Assets), দায় (Liabilities) ও মালিকানা স্বত্ব (Owners' equity)। আর্থিক অবস্থার বিবরণী দু'তরফা দাখিলা পদ্ধতি মেনে তৈরি করা হয় বলে এর দু'পাশ সব সময় সমান হয়।

আর্থিক অবস্থার বিবরণীর প্রয়োজনীয়তা

Usefulness of statement of financial position

ব্যবসায়ের আর্থিক চিত্র তুলে ধরার জন্য আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করা হয়। এছাড়াও আরো অনেক কারণে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করা প্রয়োজন। নিম্নে আর্থিক অবস্থার বিবরণীর প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করা হলো :

- ১। **তারল্যতা যাচাই (Measuring the liquidity) :** তারল্যতা হলো একটি কোম্পানির তরল বা চলতি সম্পদ থেকে স্বল্পমেয়াদি বা চলতি দায় পরিশোধের ক্ষমতা। অর্থাৎ কত দ্রুততম সময়ের মধ্যে কোম্পানি তার স্বল্পমেয়াদি পাওনাদারদের দাবি মেটাতে সক্ষম। তরল সম্পদ বলতে সেই সম্পদকে বোঝায় যেগুলো চাহিবামাত্র দ্রুততম সময়ের মধ্যে নগদে রূপান্তর করা যায়। আর্থিক অবস্থার বিবরণী থেকে কোনো কোম্পানির তরল সম্পদের পরিমাণ জানা যায় এবং উক্ত সম্পদ দ্বারা কোম্পানির চলতি দায় পরিশোধ করা সম্ভব কিনা তাও পরিমাপ করা যায়। একইভাবে, শেয়ারহোল্ডারগণ কোম্পানির ভবিষ্যৎ নগদ লভ্যাংশের সম্ভাবনা মূল্যায়ন করার জন্যও তারল্যতা যাচাই করে যা আর্থিক অবস্থার বিবরণী থেকে প্রাপ্ত তথ্যের উপর ভিত্তি করে করা হয়।

২। **স্বচ্ছলতা যাচাই (Measuring the solvency)** : স্বচ্ছলতা হলো একটি কোম্পানির দীর্ঘমেয়াদি দায় পরিশোধের ক্ষমতা। অর্থাৎ একটি কোম্পানি তার স্থায়ী সম্পদ দ্বারা দীর্ঘমেয়াদি দায় পরিশোধ করতে সক্ষম কিনা তা যাচাই করাই হলো স্বচ্ছলতা যাচাই। যখন একটি কোম্পানির দীর্ঘমেয়াদি দায়ের পরিমাণ বেশি হয়, তখন তা কোম্পানির কম স্বচ্ছলতা নির্দেশ করে। অধিক দীর্ঘমেয়াদি দায় সম্পন্ন কোম্পানির ঝুঁকি বেশি থাকে, কারণ এরূপ দায় ভবিষ্যতে সুদসহ পরিশোধ করার জন্য কোম্পানির সম্পদের অধিকাংশই ব্যয় করার প্রয়োজন হয়। কোম্পানির এরূপ স্বচ্ছলতা যাচাইয়ের জন্য আর্থিক অবস্থার বিবরণীর প্রয়োজন হয়।

৩। **আর্থিক নমনীয়তা যাচাই (Measuring the financial flexibility)** : কোম্পানির আর্থিক নমনীয়তা হলো অপ্রত্যাশিত সুযোগ গ্রহণের সামর্থ্য। যে কোম্পানির আর্থিক নমনীয়তার মাত্রা বেশি সে কোম্পানি ব্যবসায়িক মন্দার সময়ে টিকে থাকার ক্ষমতাও বেশি, এরূপ কোম্পানি অপ্রত্যাশিত বিনিয়োগ বা ঝুঁকিপূর্ণ প্রকল্পে বিনিয়োগের সুযোগ গ্রহণে সক্ষম হয়। সাধারণত আর্থিক নমনীয়তার মাত্রা বেশি হলে ক্ষতির ঝুঁকি কম হয়ে থাকে।

এছাড়াও একটি নির্দিষ্ট দিনে ব্যবসায়ের সম্পত্তির মূল্য জানার জন্য, দায়ের পরিমাণ ও প্রকৃতি জানার জন্য এবং ব্যবসায়ের যাবতীয় পরিকল্পনা প্রণয়ন ও নিয়ন্ত্রণের জন্য আর্থিক অবস্থার বিবরণী সহায়ক ভূমিকা পালন করে।

আর্থিক অবস্থা বিবরণীতে সম্পত্তির শ্রেণিবিভাগ

Classification of assets in the statement of financial position

আর্থিক অবস্থার বিবরণী তথ্যবহুল হওয়া বাঞ্ছনীয়। International Accounting Standard Board (IASB) একারণে উদ্ভূতপত্রে বিভিন্ন হিসাব উদ্ভূতের সংক্ষিপ্ত রূপের পরিবর্তে প্রতিটি ভিন্ন ভিন্ন দফাকে পর্যাপ্ত বিস্তারিতভাবে উপস্থাপনের পক্ষে যুক্তি দিয়েছে। এর ফলে আর্থিক বিবরণীর ব্যবহারকারীগণ এ থেকে ভবিষ্যৎ নগদ প্রবাহের পরিমাণ, সময় ও অনিশ্চয়তা, লভ্যাংশের প্রত্যাশা ইত্যাদি পরিমাপ করতে পারে। তাছাড়া প্রতিটি দফা শ্রেণিবিন্যাস করে লেখা হলে তা কোম্পানির তারল্যতা, মুনাফা অর্জনের যোগ্যতা, আর্থিক নমনীয়তা, ঝুঁকি গ্রহণের শক্তি-সামর্থ্য ইত্যাদি পরিমাপ করতে পারে। আর্থিক বিবরণীর দফাগুলো শ্রেণিবিন্যাস করার জন্য কোম্পানি একই বৈশিষ্ট্যধারী দফাকে একটি গ্রুপে এবং ভিন্ন বৈশিষ্ট্যধারী দফাকে অন্য গ্রুপে শ্রেণিবিন্যাস করবে। যেমন:

- ১। সম্পত্তির ধরন ও কাজ অনুযায়ী কোনো কোনো সম্পদ কোম্পানির মূল কার্যক্রমের সাথে এবং কোনো কোনো সম্পদ কোম্পানির সুনামের সাথে আবার কোনো কোনো সম্পদ অন্যান্য কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকে। সুতরাং সম্পত্তির ধরন ও বৈশিষ্ট্য অনুযায়ী আর্থিক অবস্থার বিবরণীতে পৃথকভাবে প্রদর্শন করা উচিত। যেমন : ব্যবসায়িক পণ্যের মজুদকে, যন্ত্রপাতি ও কলকজা থেকে পৃথকভাবে উপস্থাপন করা উচিত।
- ২। কোম্পানির আর্থিক নমনীয়তায় বিভিন্নভাবে প্রভাব বিস্তারকারী সম্পদ ও দায়-দেনাগুলোকে পৃথকভাবে প্রদর্শন করা উচিত। যেমন: কোম্পানির মূল কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সম্পদ, বিনিয়োগকৃত সম্পদ বা ইজারা সম্পদ ইত্যাদি পৃথকভাবে উপস্থাপন করা বাঞ্ছনীয়।
- ৩। বিভিন্ন তারল্যতার বৈশিষ্ট্য অনুযায়ী সম্পদ ও দায়গুলোকে শ্রেণিবিন্যাস করে দেখানো উচিত। যেমন : মজুদ পণ্য থেকে নগদ তহবিলকে পৃথক করে দেখালে তারল্যতা পরিমাপ করা সহজ হয়।



সারসংক্ষেপ :

একটি নির্দিষ্ট দিনে কারবারের সম্পদ, দায় ও মালিকানা স্বত্ব প্রদর্শন করে যে বিবরণী প্রস্তুত করা হয়, তাকে আর্থিক অবস্থার বিবরণী বলা হয়। সম্পদের ধরন, বৈশিষ্ট্য ও তারল্যতা ইত্যাদি অনুযায়ী শ্রেণিবিন্যাস করে আর্থিক অবস্থার বিবরণীতে প্রদর্শন করতে হয়। তারল্যতা, আর্থিক স্বচ্ছলতা ও আর্থিক নমনীয়তা যাচাইয়ের জন্য আর্থিক অবস্থার বিবরণী তৈরি করা হয়।

পাঠ-৩.৫

আর্থিক অবস্থার বিবরণীর উপাদানসমূহ ও নমুনা ছক

Elements and Specimen of Statement of Financial Position



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরির উপাদানসমূহ সম্পর্কে বলতে পারবেন।
- কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরির নমুনা ব্যাখ্যা করতে পারবেন।



আর্থিক অবস্থার বিবরণীর উপাদান

Elements of Statement of Financial Position

আর্থিক অবস্থার বিবরণীতে প্রদর্শিত উপাদানকে সম্পদ (Assets) দায় (Liabilities) ও মালিকানা স্বত্ব (Owners' equity) এ তিনটি শ্রেণিতে ভাগ করা হয়। নিম্নে এদের বিস্তারিত ব্যাখ্যা দেওয়া হলো :

- ১। সম্পদ (Assets) : অর্থ ত্যাগের বিনিময়ে কোনো কিছু অর্জন করাকে সম্পদ বলে। একটি প্রতিষ্ঠান যদি কোনো কিছুর অধিকারী বা মালিক হয়, যা থেকে ভবিষ্যতে অর্থনৈতিক সুবিধা পাওয়া যাবে, তাকেই সম্পদ বলে। যেমনঃ নগদ অর্থ, মজুদ পণ্য, জমি, অসবাবপত্র ইত্যাদি। অন্যভাবে বলা যায়, ভবিষ্যৎ আর্থিক সুবিধা প্রাপ্তির প্রত্যাশায় বর্তমানে অর্থ-পরিত্যাগ করাকে সম্পদ বলা হয়। তাই বলা যায় যে, অতীত ঘটনা বা লেনদেনের ফলে ভবিষ্যতে আর্থিক সুবিধা পাওয়ার সম্ভাবনা হলো সম্পদ।
- ২। দায় (Liabilities) : দায় বলতে বোঝায় কোনো প্রতিষ্ঠান অন্য কোনো প্রতিষ্ঠান বা পক্ষের নিকট ঋণী থাকা। উদাহরণ স্বরূপ বলা যায়, প্রতিষ্ঠান কর্তৃক ক্রীত পণ্য বা সেবার মূল্যস্বরূপ, যা ভবিষ্যতে পরিশোধ করতে হবে এমন দেনা বা ঋণকে দায় বলে। ব্যাপক অর্থে, দায় বলতে কোনো অতীত লেনদেন থেকে সৃষ্ট সম্ভাব্য ভবিষ্যৎ আর্থিক সুবিধার ত্যাগকে বোঝায়, যার বিপরীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সুবিধাভোগী হয়েছে।
- ৩। মালিকানা স্বত্ব (Owners' equity) : স্বত্ব বলতে মালিকানা স্বত্বকে বোঝানো হয়। একটি কোম্পানির মোট সম্পত্তির উপর মালিক পক্ষের মোট দাবী হলো মালিকানা স্বত্ব। ব্যবসার মোট সম্পত্তির মূল্য থেকে বহির্দায় বাদ দিলে যা অবশিষ্ট থাকে তাই মালিকানা স্বত্ব। এটি প্রতিষ্ঠানের প্রতি মালিকের দাবী। প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী মালিকানা স্বত্ব নির্ণয়েও পার্থক্য পরিলক্ষিত হয়। এক মালিকানা কারবারের ক্ষেত্রে একটি মূলধন হিসাব এবং অংশীদারি কারবারের ক্ষেত্রে অংশীদারদের পৃথক মূলধন হিসাব তৈরির মাধ্যমে মালিকানা স্বত্ব নির্ণয় করে থাকে। পক্ষান্তরে কোম্পানির ক্ষেত্রে মালিকানা স্বত্বকে তিনটি পর্যায়ে ভাগ করে দেখানো হয়। যথা-

ক। মূলধন (Capital stock) : ইস্যুকৃত শেয়ারের একক প্রতি মূল্য ও মোট মূল্য দেখানো হয়।

খ। অতিরিক্ত আদায়কৃত মূলধন (Additional paid up capital)

গ। সংরক্ষিত আয় বা কোম্পানির আবন্তিত আয় (Retained earnings)

নিম্নে আর্থিক অবস্থার বিবরণীর অন্যান্য উপাদানগুলো নাম উল্লেখ করা হলো :

চলতি সম্পত্তি (Current assets) : চলতি সম্পত্তি বলতে সেই সম্পত্তিকে বোঝায় যা এক বছর বা একটি হিসাবকাল বা একটি পরিচালন চক্রের মধ্যে নগদে রূপান্তর করা যায় অথবা বিক্রয় বা ব্যবহার করা যায়। উদ্বৃত্তপক্ষে চলতি সম্পদকে তারল্যের ক্রমানুসারে উপস্থাপন করা হয়। সাধারণত: যখন কোনো কোম্পানি এক বছর বা এক পরিচালন চক্র সময়ের মধ্যে কোনো সম্পত্তিকে নগদে রূপান্তর বা কোনো সম্পত্তি দিয়ে চলতি দায় পরিশোধ করতে পারে, তখন উক্ত সম্পত্তিকে চলতি সম্পদ বলা হয়। যেমন: মজুদপণ্য, দেনাদার, স্বল্পমেয়াদি প্রাপ্য হিসাব, অগ্রিম খরচাবলি ইত্যাদি।

চলতি দায় (Current liabilities) : ব্যবসায়ের সাধারণ কার্যক্রমের মাধ্যমে উদ্ভূত দায়সমূহ যা বর্তমান বছরের মধ্যে পরিশোধ করতে হবে তাকে চলতি দায় বলে। যেমনঃ প্রদেয় হিসাব, প্রদেয় মজুরি, প্রদেয় বেতন, প্রদেয় আয়কর ইত্যাদি।

দীর্ঘমেয়াদি দায় (Long term liabilities) : যে সকল দায় ব্যবসায়ের স্থায়ী সম্পত্তি ক্রয়ের কারণে সৃষ্ট, যা বর্তমান হিসাব কালের মধ্যে পরিশোধ করতে হবে না তাকে দীর্ঘমেয়াদি দায় বলে। যেমন : বন্ধকি ঋণ, বন্ড বা ডিবেঞ্চর ক্রয়, স্থগিত আয় কর ইত্যাদি

আর্থিক অবস্থার বিবরণীর নমুনা

Format of Statement of Financial Position

Name of the concern-----
Statement of Financial Position
As at

Particulars	Tk.	Tk.	Tk.
<u>Assets</u>			
Current assets :			
Cash		**	
Short-term investment (Marketable securities)		**	
Accounts receivable	**		
Less: Allowance for doubtful debts	**		
Notes receivable (receivable within one year)		**	
Inventories		**	
Supplies		**	
Prepaid expenses		**	
Other current assets		**	
Total current assets			**
Long-term investments :			
Investment in stock of Corporation		**	
Investment in bond of Corporation		**	
Other long term investments		**	
Total long-term investments			**
Property, Plant & Equipment :			
Land		**	
Buildings	**		
Less: Accumulated depreciation	**		
Machineries & Equipments	**		
Less: Accumulated depreciation	**		
Delivery equipments	**		
Less: Accumulated depreciation	**		
Furnitures & fixtures	**		
Less: Accumulated depreciation	**		
Total property, plant & equipment			**
Intangible assets :			
Goodwill	**		
Less: Amortisation	**		
Patents & Trade marks	**		
Less: Written off	**		

Particulars	Tk.	Tk.	Tk.
Copy right	**		
Less: Written off	**	**	
Fictitious assets		**	
Preliminary expenses	**		
Less: Written off	**	**	
Share discount	**		
Less: Written off	**	**	
Total intangible assets			**
Total Assets			***
Liabilities and shareholders' equity			
Current liabilities:			
Notes payable (payable within one year)	**		
Accounts payable	**		
Accrued interest on notes payable	**		
Current portion of long term liabilities	**		
Dividend payable	**		
Salaries and wages payable	**		
Taxes payable	**		
Unearned revenue	**		
Other current liabilities	**		
Provisions such as income tax provision	**		
Total current liabilities		***	
Long term liabilities:			
Bank notes payable	**		
Mortgage payable	**		
Bonds payable (Debenture)	**		
Other long-term liabilities	**		
Total long term liabilities		**	
Stockholders' equity:			
Share capital	***		
Retained earnings	***		
Additional paid up capital	***		
Total stockholders' equity		***	
Total liabilities and stockholders' equity			***



সারসংক্ষেপ :

আর্থিক অবস্থার বিবরণীতে প্রদর্শিত উপাদানগুলোকে প্রধানত সম্পদ, দায় ও মালিকানা স্বত্ব এ তিনটি শ্রেণিতে ভাগ করা হয়। আর্থিক অবস্থার বিবরণীতে চলতি সম্পদকে তারল্যতা অনুসারে সাজাতে হয়।

পাঠ-৩.৬

নগদ প্রবাহ বিবরণীর সংজ্ঞা, সুবিধা ও উপাদানসমূহ

Definition, Advantages and Elements of Cash Flows Statement



উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি-

- কোম্পানির নগদ প্রবাহ বিবরণী কী তা জানতে পারবেন।
- কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরির উপাদানসমূহ সম্পর্কে জানতে পারবেন।



নগদ প্রবাহ বিবরণীর সংজ্ঞা

Definition of cash flow statement

